



## বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০৬৮০, ৮৮৭০২৬৬ ফ্যাক্স: ৮৮-০২-৮৮৭০৭২৮

www.bitac.gov.bd



তারিখ: ২১.১২.২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

### চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক দিনব্যাপী কর্মশালা

“চতুর্থ শিল্প বিপ্লব: বাংলাদেশ প্রেক্ষাপট ও বিটাকের করণীয়” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালার আয়োজন করেছে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)। গতকাল সোমবার ঢাকার তেজগাঁওয়ে বিটাক সদর দপ্তরে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

শিল্প মন্ত্রণালয়ের সচিব কে এম আলী আজম বেলা ১১টায় এ কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন। এতে সভাপতিত্ব করেন বিটাকের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) আনোয়ার হোসেন চৌধুরী। কর্মশালা সঞ্চালনা করেন বিটাকের পরিকল্পনা পরিচালক ড. জালাল উদ্দিন পিইঞ্জ।

উদ্বোধনী বক্তব্যে কে এম আলী আজম বলেন, দেশের ক্রমাগত অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতিকে চলমান রাখতে হলে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে। করোনা মহামারির এই কঠিন সময়ের মধ্যেও বাংলাদেশ এ চ্যালেঞ্জ সফলভাবে গ্রহণ করতে পারবে। এর প্রধান কারণ বাংলাদেশের বিপুল তরুণ জনগোষ্ঠী, যারা সময়ের সর্বশেষ প্রযুক্তি ব্যবহারে আগ্রহী। এই তরুণ জনগোষ্ঠীই চতুর্থ শিল্প বিপ্লবে নেতৃত্ব দেবে।

কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিটাকের সাবেক মহাপরিচালক ড. মো. মফিজুর রহমান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. এ বি এম আলিম আল ইসলাম, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) পরিচালক গাজী এ কে এম ফজলুল হক প্রমুখ। কর্মশালার সমাপনী বক্তব্য রাখেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মো. হেলাল উদ্দিন।